


শর্তাবলী :-

১. দরপত্র/কোটেশন এর সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সমর্থনে সনদপত্র, TIN নম্বরসহ আয়কর প্রদানের সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।
২. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিকৃত আইটেমের পরিমাণ বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।
৩. দর উল্লেখ করার সময় টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য নয়। একক দর ও মোট দরের মধ্যে কোন গরমিল দেখা দিলে একক দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
৪. অবশ্যই সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
৫. অন্যান্য শর্ত যা সংশ্লিষ্ট অফিস তার কাজ সম্পাদন করার ক্ষেত্রে প্রয়োজন মনে করবে তা সংযুক্ত করতে পারবে।
৬. দরপত্র/কোটেশনসমূহ আগামী ২১/০৫/২০২৩ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মাগুরা রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণের পর কোন অবস্থাতে কোন দরপত্র/কোটেশন গ্রহণ করা হবে না। একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।
৭. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন কোটেশন/দরপত্র গ্রহণ এবং সকল কোটেশন/দরপত্র পূর্ণ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
৮. সরবরাহকৃত মালামালে কোন ত্রুটি ধরা পড়লে অথবা কোটেশন/দরপত্র মূল্যায়ন কমিটি সিডিউল মোতাবেক অভিমত ব্যক্ত করলে তা অবশ্যই প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিবর্তন বা সংশোধন করে দিতে বাধ্য থাকবেন। এ ক্ষেত্রে কোনরূপ ওজর আপত্তি গৃহীত হবে না।
৯. সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে সিডিউল মোতাবেক মাদকবিরোধী প্রচারণার বিভিন্ন সামগ্রী সরবরাহপূর্বক বিল দাখিল করতে হবে। বিলের টাকা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
১০. শর্ত ভঙ্গের কারণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন ক্ষতির উদ্ভব ঘটলে সেই ক্ষতির দ্বিগুণ পরিমাণ আদায়ে অধিদপ্তরের ক্ষমতা থাকবে এবং এটি গণদাবী (Public Demand) হিসাবে গণ্য হবে।

  
02/05/2023  
(মোঃ নাসির উদ্দীন)  
সহকারী পরিচালক  
ফোনঃ ০২৪৭৭৭১০১৫৩

বিতরণ :

- ১। নোটিশ বোর্ড, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মাগুরা
- ২। নোটিশ বোর্ড, জেলা প্রশাসক এর কার্যালয়, মাগুরা।
- ৩। নোটিশ বোর্ড, গণপূর্ত বিভাগ, মাগুরা।
- ৪। নোটিশ বোর্ড, জেলা তথ্য অফিস, মাগুরা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) :

১. পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, খুলনা।
৩. অফিস/মাস্টার কপি।